জেলা পরিষদ, ফেনী
তাং ১৭/৯/১২ প্রাপ্তি নং ২৫৮
সচিব
হিসাবরক্ষক
উঃ সহঃ (সাঃ)
গোঃ সহঃ (প্রশাসক)
গোঃ সহঃ (প্রনিক)
সহঃ প্রকৌশলী
উপঃ সহঃ প্রকৌশলী
উঃ সহঃ (কাঃ)
সার্ভেয়ার
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফেনী।

(৭০)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

নং-৪৬.০৪২.০২২.০২.০০.১৬২.২০১১-৬৬৭৫ তারিখঃ ০৫.০৯.২০১২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ জেলা পরিষদের কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নির্দেশনা।

জেলা পরিষদের কার্যক্রমে অধিকতর গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ঃ

১) জেলা পরিষদের এফডিআরকৃত অর্থে গাড়ী ক্রয় বা অন্য কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা যাবে না। কোন বিশেষ প্রয়োজনে এফডিআর ভাঙ্গানোর প্রয়োজন হলে সেক্ষেত্রে মন্ত্রণালয়ে পূর্বানুমোদন প্রয়োজন হবে;

২) জেলা পরিষদের সকল দাপ্তরিক বিষয়াদি/আর্থিক লেনদেন নথির মাধ্যমে প্রশাসক পর্যায়ে অনুমোদন গ্রহণ করতে হবে এবং নথির সিদ্ধান্ত অনুযায়ী প্রধান নির্বাহী কর্মকর্তা মন্ত্রণালয়ের সাথে পত্র যোগাযোগ করবেন। অতীব জরুরী কোন বিষয় মাননীয় মন্ত্রী অথবা সচিব মহোদয়ের গোচরে আনার প্রয়োজন হলে প্রশাসকগণ আধাসরকারি পত্র প্রেরণ করবেন;

৩) প্রশাসকের অনুপস্থিতিতে প্রধান নির্বাহী কর্মকর্তাগণ জেলা পরিষদের যাবতীয় দাপ্তরিক কার্যাদি সম্পন্ন করবেন।

৪) জেলা পরিষদের নামে খোলা ব্যাংক একাউন্ট পরিবর্তন বা নতুন কোন একাউন্ট খোলা যাবেনা এবং জেলা পরিষদের নামে খোলা ব্যাংক একাউন্ট ব্যতিত অন্য কোন একাউন্টে জেলা পরিষদের কোন অর্থ জমা বা লেনদেন করা যাবেনা। এ ধরনের কোন লেনদেন হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৫) যে সকল জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তাগণের জন্য বাসভবন রয়েছে প্রধান নির্বাহী কর্মকর্তাগণ আবশ্যিকভাবে বরাদ্দকৃত বাসস্থানে বসবাস করবেন। প্রধান নির্বাহী কর্মকর্তার জন্য বরাদ্দকৃত বাসভবন কোন ক্রমেই অন্য কোন ব্যক্তির নামে বরাদ্দ দেয়া যাবেনা।

৬) জেলা পরিষদের ডাকবাংলোসমূহের কোন কক্ষ ৭দিনের বেশী সময়ের জন্য একই ব্যক্তির অনুকূলে বরাদ্দ দেয়া যাবেনা।

৭) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের বেতনভাতা ও আনুতোষিক উত্তোলনের ক্ষেত্রে প্রধান নির্বাহী কর্মকর্তা আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং এ সংক্রান্ত নথি প্রধান নির্বাহী কর্মকর্তা পর্যায়ে নিস্পত্তি হবে।

৮) স্থানীয় সরকার বিভাগের ১০.৪.১২ তারিখের ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৫৪ নং স্মারক অনুযায়ী প্রশাসকগণ প্রতিদিন ৭ লিটার গাড়ীর জ্বালানী ব্যবহার করবেন। তবে প্রশাসকগণ যেহেতু জেলায় বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শনের মাধ্যমে তা সুষ্ঠুভাবে বাস্তবায়নে ইতিবাচক ভূমিকা পালন করেন সেহেতু প্রশাসকগণ প্রতিসপ্তাহে অন্ততঃপক্ষে ৪দিন প্রকল্প পরিদর্শন করবেন এবং প্রকল্প পরিদর্শনের জন্য প্রতিমাসে সর্বোচ্চ (২১০+১৯০)=৪০০ লিটার পর্যন্ত জ্বালানী ব্যয় করতে পারবেন। এক্ষেত্রে ভ্রমনসূচি ও পরিদর্শন প্রতিবেদন প্রস্তুত করে স্থানীয় সরকার বিভাগে অবগতির জন্য প্রেরণ করতে হবে এবং গাড়ীতে রক্ষিত লগ বই যথাযথভাবে পূরণপূর্বক স্বাক্ষর করতে হবে।

০৫/০৯/২০১২
(জুবাইদা নাসরীন)
উপ সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪

বিতরণ (কার্যার্থে) ঃ

১. প্রশাসক, জেলা পরিষদ---------------------------------------(সকল)।
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ------------------------------(সকল)।

বিতরণ (জ্ঞাতার্থে) ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব (উপ সচিব), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।